# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 01.12.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশে বেড়াতে গিয়ে উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার এক বাসিন্দা ঢাকায় মৌলবাদীদের হাতে গুরুতরভাবে জখম হয়েছেন বলে অভিযোগ উঠেছে।

বাংলাদেশে সন্ন্যাসী গ্রেফতারের প্রতিবাদে এবং তার নিঃশর্ত মুক্তির দাবিতে রাজ্যের বিভিন্ন স্থানে আজ প্রতিবাদ মিছিল বের হয়।

বাংলাদেশ সীমান্তের বেনাপোলে ইস্কনের ৪৫ জন সন্ন্যাসীকে ভারতে আসতে দেওয়া হয় বলে অভিযোগ।

২) দেশের বিভিন্ন রাজ্যে নিরাপত্তাজনিত সমস্যা নিয়ে পুলিশের আই জি ও ডিআইজিদের সম্মেলনে আজও গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

৩) কেন্দ্রের ওয়াকফ বিল প্রত্যাহারের দাবি সম্বলিত একটি প্রস্তাব আগামীকাল সরকার পক্ষ বিধানসভায় আনতে চলেছে।

৪) রাজ্যপাল সি ভি আনন্দ বোস আগামীকাল বিধানসভায় উপ-নির্বাচনে জয়ী প্রার্থীদের শপথবাক্য পাঠ করাবেন।

৫) দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে লুঠপাটের ঘটনায় এক দম্পতি সহ তিনজনকে গ্রেফতার করা হয়েছে।

৬) সৈয়দ মুস্তাক আলি টি-টোয়েন্টি ক্রিকেটে বাংলা আজ মেঘালয়কে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

বন্ধুর আমন্ত্রণে বাংলাদেশের ঢাকায় গিয়ে উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার এক বাসিন্দা মৌলবাদীদের হাতে গুরুতরভাবে জখম হয়েছেন বলে অভিযোগ উঠেছে। সায়ন ঘোষ নামে ওই যুবককের কাছ থেকে ঢাকার বাগানবাড়ি এলাকায় কিছু মৌলবাদী তাঁর মোবাইল ফোন ও মানিব্যাগ কেড়ে নেবার চেষ্টা করে। বাধা দিতে গেলে তাঁর মাথা ও মুখে গুরুতরভাবে আঘাত ও বেধড়কভাবে মারধোর করা হয় বলে তাঁর অভিযোগ। তাঁর বক্তব্য ঢাকা পুলিশ তার কোন অভিযোগ গ্রহণ করতে চায়নি। দেশে ফিরে আসার পথে গেদের ভারত – বাংলাদেশ সীমান্তের কাস্টমস্ ও অভিবাসন দফতরে সায়ন অভিযোগ দায়ের করেন। আগামীকাল তিনি বাংলাদেশ ডেপুটি হাইকমিশনে অভিযোগ দায়ের করবেন বলে জানিয়েছেন। তিনি ইতমধ্যেই বেলঘরিয়া থানায় অভিযোগ দায়ের করেছেন।

সায়ন আজ সাংবাদিকদের বলেন, তাঁকে বাঁচাতে গিয়ে বন্ধুও মৌলবাদীদের হাতে আক্রান্ত হন।

(বাইট – সায়ন)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিদেশ মন্ত্রকের কাছে বিষয়টি উত্থাপন করবেন বলে জানিয়েছেন।

(বাইট – সুকান্ত)

প্রদেশ কংগ্রেস বাংলাদেশ পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, অন্য দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর আক্রমণ ও অন্যায় হলে বিদেশ নীতির একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থেকে যায়।

এদিকে, আজ দুপুরে ভারত –বাংলাদেশ সীমান্তের বেনাপোল দিয়ে ইস্কনের ৪৫ জন সন্ন্যাসী ভারতে আসতে চাইলে তাদেরকে বাংলাদেশে আটকে দেওয়া হয় বলে জানা গেছে। বেনাপোলে বাংলাদেশের অভিবাসন কার্যালয় থেকে তাদের ভারতে যাওয়ার অনুমতি দেওয়া হয়নি বলে খবর।

oooooooooooooooooooooo

বাংলাদেশে ইসকনের প্রাক্তন সদস্য, সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারির প্রতিবাদে এবং তাঁর নি:শর্ত মুক্তির দাবিতে আজ রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়।

পশ্চিম বর্ধমানের আসানসোলে বঙ্গীয় হিন্দু জাগরন সহ একাধিক সংগঠন বিক্ষোভ মিছিলে যোগ দেয়। বার্ণপুরের ত্রিবেনী মোড় থেকে শুরু হয়ে আসানসোলের চিত্রা মোড় পর্যন্ত এই মিছিলে অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের ওপর নিপীড়ন নিয়েও প্রতিবাদ জানানো হয়। অংশ নেন আসানসোল দক্ষিনের বিধায়ক অগ্নিমিত্রা পাল, বিজেপির সাংগঠনিক জেলা সভাপতি বাপ্পাদিত্য চট্টোপাধ্যায় প্রমুখ। ঢোল, করতাল বাজিয়ে কীর্তনের মাধ্যমে প্রতিবাদে সরব হন তাঁরা। অগ্নিমিত্র পাল বলেন, বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর অত্যাচার কোনভাবেই সহ্য করা হবে না।

এদিকে, শিলিগুড়ি ইস্কনের তরফে আজ এই ঘটনার প্রতিবাদে নাম-সংকীর্তনের আয়োজন করা হয়। শান্তি কামনায় সাধু ,ব্রহ্মচারী ছাড়াও সাধারণ ভক্ত বৃন্দ এতে সামিল হন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের বিভিন্ন রাজ্যে নিরাপত্তাজনিত বিষয় নিয়ে পুলিশের আই জি ও ডিআইজিদের ভুবনেশ্বর সম্মেলনে আলোচনা করেছেন। আজ ছিল এই সম্মেলনের শেষ দিন। মূলত সাইবার অপরাধ, উপকূল সুরক্ষা এবং মাওবাদী উগ্রপন্থা মোকাবিলার বিষয় নিয়ে আলোচনা হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল উপস্থিত ছিলেন। কৃত্রিম বুদ্ধিমত্তা, ড্রোণ সহ প্রযুক্তির অগ্রগতির সঙ্গে সঙ্গে জাতীয় নিরাপত্তার সামনে যে চ্যালেঞ্জ দেখা দিয়েছে তার মোকাবিলায় নির্দিষ্ট নীতি ও কৌশল নিয়ে এই সম্মেলনে আলোচনা হয়েছে। দেশের নিরাপত্তা চ্যালেঞ্জের মোকাবিলায় গৃহীত পদক্ষেপের একটা রূপরেখাও সম্মেলনে প্রস্তুত করা হয়েছে।

oooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের ওয়াকফ বিল প্রত্যাহারের দাবি জানিয়ে তার উপর আলোচনার জন্য সরকার পক্ষ বিধানসভায় একটি প্রস্তাব আনতে চলেছে। দুদিন বিরতির পরে আগামীকাল অধিবেশনের দ্বিতীয়ার্ধে **১৬৯** ধারায় এই প্রস্তাবটি উত্থাপন করবেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। প্রস্তাবের উপরে একটানা দুদিন মোট তিন ঘন্টা আলোচনার কার্যসূচি রয়েছে।

ooooooooooooooooo

রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী প্রার্থীরা আগামীকাল শপথ নেবেন। রাজ্যপাল সিভি আনন্দ বোস নিজে বিধানসভায় উপস্থিত থেকে তাঁদের শপথবাক্য পাঠ করাবেন। রাজ্যপালের সচিবালয়ের তরফে বিধানসভার অধ্যক্ষকে চিঠি দিয়ে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য এর আগে উপনির্বাচনে জয়ী প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার রেয়াত হোসেনের শপথ গ্রহণ নিয়ে রাজভবন ও বিধানসভার মধ্যে টানাপোড়েন তৈরি হয়েছিল। পরে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় নিজেই তাঁদের শপথ বাক্য পাঠ করান।

ooooooooooooooooo

নারী ও শিশু নির্যাতন রোধে রাজ্য বিধানসভায় পাশ হওয়া অপরাজিতা বিলকে দ্রুত আইনে পরিণত করার দাবিতে, আজ কোচবিহার শহরের বিশ্বসিংহ রোডে অবস্থান বিক্ষোভে সামিল হয় তৃণমূল মহিলা কংগ্রস। মহিলা তৃণমূল কংগ্রেসের জেলা সভানেত্রী

সুচিস্মিতা দত্ত শর্মা বলেন, রাষ্ট্রপতির স্বাক্ষরের জন্য এই বিল আটকে রয়েছে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দ্রুত পদক্ষেপ গ্রহণের দাবি জানান তিনি।

উল্লেখ্য, অপরাজিতা বিলকে আইনে আইনে পরিণত করার দাবিতে আন্দোলনে নেমেছে তৃনমূল কংগ্রেস। আজ ব্লকে ব্লকে চলছে ধর্না কর্মসূচি।

oooooooooooooooo

**ক্ষুদ্র-ছোট ও মাঝারি শিল্প, কৃষি, পঞ্চায়েত সহ আটটি দপ্তরের পরিষেবা দিতে রাজ্য সরকার, আগামীকাল থেকে "শিল্পের সমাধানে" শীর্ষক বিশেষ শিবিরের আয়োজন করতে চলেছে। প্রতিটি জেলা ও ব্লক স্তরে আয়োজিত ১৯ দিনের এই শিবিরে শিল্প উদ্যোগীরা ঋণ এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচীর সুযোগ গ্রহণের জন্য আবেদন জানাতে পারবেন। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের আবেদনপত্র জমা নেওয়া ছাড়াও জেলা স্তরে জমি, দূষণ, অগ্নি সুরক্ষা সংক্রান্ত ক্ষেত্রে আটকে থাকা বিষয়গুলিরও নিষ্পত্তি করা হবে বলে রাজ্য সরকারের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।**

ooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় একটি রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কে গত সোমবারের লুঠের ঘটনায় এক দম্পতি সহ ৩ জনকে উলুবেড়িয়া ও উস্তি থেকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার করা হয়েছে প্রায় ৩ কোটি টাকার সোনা ও ৬৩ লক্ষ টাকা নগদ। মূল অভিযুক্ত, প্রাক্তন ব্যাঙ্ক কর্মী আরিফ হোসেন, তার স্ত্রী ও ভাইকে সঙ্গে নিয়ে এই সোনা ও টাকা লুঠ করে বলে জানা গেছে। পুলিশ সূত্রে খবর ব্যাঙ্কের লকার ও গেটের নকল চাবি বানিয়ে তারা এই কান্ড ঘটায়। সেজন্য ভল্ট এবং দরজার তালা ভাঙা হয়নি। আগামীকাল এদের আদালতে পেশ করা হবে।

oooooooooooooooo

দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণীর ব্রহ্মপুরে আজ সকালে বৃদ্ধ বাবাকে ছেলের হাত থেকে বাঁচাতে গিয়ে এক অফিসার সহ কয়েকজন পুলিশ কর্মী জখন হয়েছেন।

ছেলে রুদ্রনারায়ণ ভট্টাচার্য, বাবা শম্ভুনারায়ণ ভট্টাচার্য এবং পুলিশকর্মীদের ওপর ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয়। তাদের মারধোর ও কোপানোর চেষ্টা করে। পুলিশ বৃদ্ধের ছেলেকে গ্রেফতার করেছে।

বাবাকে হাসপাতালে পাঠানো হয়েছে। পারিবারিক বিবাদের জেরে এই ঘটনা বলে পুলিশ জানতে পেরেছে।

oooooooooooooo

কলকাতার নর্থ পোর্ট থানা এলাকার স্ট্র্যান্ড ব্যাঙ্ক রোডে বেশ কয়েকটি অস্থায়ী দোকান আগুনে পুড়ে গেছে। দমকলের ৬-টি ইঞ্জিন ঘণ্টা দেড়েকের চেষ্টায় আগুন আয়ত্ত্বে আনে। হতাহতের কোন খবর নেই।

oooooooooooooo

ভিনরাজ্যে আলু রপ্তানি নিয়ে জটিলতা না কাটলে আগামীকাল থেকে আলু ব্যবসায়ীরা ফের ধর্মঘটে সামিল হবেন বলে জানিয়েছেন। প্রগতিশীল আলু ব্যবসায়ী কমিটির রাজ্য সাধারণ সম্পাদক লালু মুখোপাধ্যায় জানিয়েছেন, রাজ্যের কৃষি বিপনন মন্ত্রী বেচারাম মান্নার নির্দেশ অনুযায়ী, কেজি প্রতি ২৬ টাকা দরে তারা বাজারে আলু সরবরাহ করেছেন। অথচ গত তিন চার দিন ধরে রাজ্যের সীমান্তবর্তী এলাকায় আলুর ট্রাক আটকে দিচ্ছে পুলিশ। পরিস্থিতি বিবেচনা করে রাজ্য সরকার সদর্থক কোনো পদক্ষেপ না করলে আগামীকাল রাত থেকে তাঁরা ধর্মঘটের পথে হাঁটবেন বলে তিনি জানিয়েছেন।

ooooooooooooo

মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ ২ নম্বর ব্লকের মিঠিপুরে টাকা দেওয়ার পরেও আবাস যোজনার তালিকায় নাম না থাকায় প্রতিরোধের জেরে মারধোরে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশ অভিযুক্ত মিঠুন শেখকে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে রুজু হয়েছে খুনের মামলা ।

oooooooooooooooo

পূর্ব বর্ধমানের শক্তিগড়ের আমড়ায় গতরাতে জাতীয় সড়কে এক দুর্ঘটনায় মৃত যুবকের দেহ নিয়ে স্থানীয় বাসিন্দারা আজ বিক্ষোভ দেখান। এবং জাতীয় সড়ক অবরোধ করেন। এরফলে সেখানে যানজটের সৃষ্টি হয়। স্থানীয়দের অভিযোগ ১৯ নম্বর জাতীয় সড়কের আমড়া মোড়ে বারংবার দুর্ঘটনা এবং মৃত্যু হলেও আন্ডারপাস তৈরির দাবি পুরণ হয়নি। শক্তিগড় থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আন্ডারপাস নিয়ে স্থানীয়দের আশ্বস্ত করলে অবরোধ উঠে যায়।

ooooooooooooooooooo

পুরুলিয়ার কোটশিলা ডবল লাইনের কাজের ফলে যাতায়াতের রাস্তা হারিয়ে যাওয়ায় আজ দফায় দফায় বিক্ষোভ দেখান এলাকাবাসী। তাঁদের দাবি, ডবল লাইনের দুপাশে দুটি আন্ডার পাসের কাজ চলছে। কিন্তু ঐ এলাকা দিয়ে তার সংযোগকারী রাস্তা তৈরি হয়নি। এর ফলে কার্যত ঘরবন্দি হতে চলেছেন প্রায় তিরিশ হাজার মানুষ।

ooooooooooooooooo

দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহানির্দেশক ডক্টর সোমনাথ দত্ত। জানিয়েছেন,পরের কয়েকদিন আবহাওয়া শুকনো থাকবে।

(বাইট – সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০

রাজকোটে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে বাংলা ছয় উইকেটে মেঘালয়কে হারিয়ে দিয়েছে। মেঘালয়ের ছয় উইকেটে ১২৭ রানের জবাবে বাংলা ১১ ওভার পাঁচ বলে চার উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। অভিষেক পোড়েল ৬১, করণ লাল ৪২ রান করেছেন।

পাঁচ ম্যাচে বাংলা ১৬ পয়েন্ট সংগ্রহ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে আগামীকাল মহামেডান স্পোর্টিং, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হবে। জামশেদপুরে জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ৮ ম্যাচে পাঁচ পয়েন্ট নিয়ে মহামেডান স্পোর্টিং ১৩ দলের আইএসএল লীগে পয়েন্ট তালিকার দ্বাদশ স্থানে আছে। সমসংখ্যক ম্যাচে জামশেদপুর ১২ পয়েন্ট পেয়ে নবম স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০